



স্মারক নং- পিআর ৯৩/২২

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ
০৯ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয় : এন্টি টেররিজম ইউনিট কর্তৃক অভিযানে নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন “আল্লাহর দল” এর সক্রিয় সদস্য ও জেলা নায়ক গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট এর একটি দল জিজ্ঞাসাবাদে প্রাপ্ত তথ্য ও নিজস্ব নজরদারীর ভিত্তিতে ০৮/০৩/২০২২ খ্রিঃ ২০.৫০ ঘটিকায় বগুড়া জেলার শাহাজাহানপুর থানাধীন ফুলতলা গ্রামস্থ আমেরিকা বোর্ডিং এর সামনে থেকে নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন “আল্লাহর দল” এর সক্রিয় সদস্য ও জেলা নায়ককে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃত আসামী হলো- মোঃ আবু ইউসুফ (২৯), পিতা- মোঃ ইউনুস আলী সরদার, মাতা- মোছাঃ মায়া বেগম, স্থায়ী ঠিকানা- গ্রাম- রহমান নগর, থানা ও জেলা- বগুড়া। গ্রেফতারকালে এন্টি টেররিজম ইউনিটের সদস্যরা তার নিকট থেকে একটি এন্ড্রয়েড মোবাইল ফোন, একটি বাটন মোবাইল ফোন ও ০৪ টি সীম কার্ড জব্দ করেছে।

ইতোপূর্বে ১৫ ফেব্রুয়ারী ২০২২ খ্রিঃ বগুড়ার সদর থানাধীন নিশিন্দারা পাইকপাড়ায় অভিযান পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত সংগঠন “আল্লাহর দল” এর বগুড়া জেলা প্রতিনিধি ও জেলা নায়কসহ তিনজন সক্রিয় সদস্যকে গ্রেফতার করেছিল এন্টি টেররিজম ইউনিট। গ্রেফতারকৃত মোঃ সাহাবুদ্দিন সাবু (বগুড়া জেলা প্রতিনিধি), মোঃ আসামাউল হোসনা, (জেলা নায়ক) ও মোঃ আব্দুর রাজ্জাক (জেলা নায়ক) কে গত ১৬/০২/২০২২ খ্রি. তারিখে আদালতে সোপর্দ করা হয়। বিজ্ঞ আদালত তাদের রিমান্ড মঞ্জুর করে। উক্ত আসামীদের জিজ্ঞাসাবাদে “আল্লাহর দল” এর জেলা নায়ক মোঃ আবু ইউসুফ এর অবস্থান এবং পলাতক হবার বিষয়ে তারা তথ্য প্রদান করে। তাদের প্রদেয় তথ্য মোতাবেক মোঃ আবু ইউসুফকে আমেরিকা বোর্ডিং এর সামনে থেকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামী মোঃ আবু ইউসুফ, একটি বেসরকারী উন্নয়ন সংস্থায় আইটি বিশেষজ্ঞ হিসেবে কাজ করত। সে আইটি বিষয়ে দক্ষ হওয়ায় সাংগঠনিক কার্যক্রম, দাওয়াত ও যোগাযোগ রক্ষণের দায়িত্ব পালন ও আল্লাহর দলের সাংগঠনিক কার্যক্রম পরিচালনার জন্য প্রতি মাসে আর্থিক অনুদান প্রদান করত। প্রাথমিক জিজ্ঞাসাবাদে গ্রেফতারকৃত মোঃ আবু ইউসুফ আল্লাহর দলের সাথে তার সম্পৃক্ততা স্বীকার করেছে। সে নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন “আল্লাহর দল” এর তারকা মতিন মেহেদী@মতিনুল ইসলাম@মাহবুব মতিন@মতিনুল হক মন্ডলের মতাদর্শের অনুসারী বলে জানিয়েছে।

গ্রেফতারকৃত এজাহারনামীয় আসামী মোঃ আবু ইউসুফকে বগুড়া সদর থানার মামলা নং-৭০, তারিখ-১৬/০২/২০২২খ্রি., সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী ২০১৩) এর ৭/৮/৯(৩)/১০/১১/১২ ধারায় বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়।

০৯/০৩/২০২২

(মোহাম্মদ আসলাম খান)

পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস)

এন্টি টেররিজম ইউনিট

বাংলাদেশ পুলিশ, ঢাকা।

Email- atu.spma@police.gov.bd